

# দৈনিক ইত্তেফাক

পৃষ্ঠা ১৬ কলাম... ৬...

## কৃষি বিশ্ববিদ্যালয় অর্থ সাহায্য চাইবে মঞ্জুরী কমিশনের কাছে

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আর্থিক সাহায্যের আবেদন করবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে। নাম পরিবর্তনের ঘটনাকে

(১০শ পৃষ্ঠায় ২-এর কঃ ১ প্রঃ)

প্রথম

## কৃষি বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠায় পর)

কল্প করে সৃষ্ট আন্দোলনে কোটি টাকার বেশী সম্পদ নষ্ট হয়েছে বিশ্ববিদ্যালয়ের। শুধু কাঁচই ভাঙ্গা হয়েছে ২০ লাখ টাকার। গতকাল শনিবার রেজিস্ট্রার, ট্রেজারার ও অন্যদের সাথে বৈঠক করে ভাইস চ্যান্সেলর মঞ্জুরি কমিশন থেকে আর্থিক সাহায্য চাওয়ার সিদ্ধান্ত নেন। এদিকে জিয়াউর রহমানের জন্মবার্ষিকীতে গতকাল ছাত্রদল ক্যাম্পাসে ভাংচুর ও বিনষ্টের ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করেছে। অন্যদিকে সতীর্থদের বাদ দিয়ে ক্লাস-পরীক্ষায় অংশ গ্রহণ না করার সিদ্ধান্ত ঘোষণা করেছে একদল শিক্ষার্থী। তারা ডীন অফিসে অবস্থান ধর্মঘট করে।